গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নং: ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.২০২৩-৩৭৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৬/০২/২০২৩ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৬.০৮.০০৬.১৬-১১৯ সংখ্যক পত্রের অনুমোদনক্রমে মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://dof.teletalk.com.bd** ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | নক্সাকার<br>বেতন গ্রেড-১১<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- | ০৪ (চার) | কোনো স্বীকৃত বোর্ড হতে সিভিল, ইলেকট্রিক্যাল, কেমিক্যাল, মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। | পটুয়াখালী।<br>(ক্রমিক নং ০১-ক্রমিক নং ১৭ পর্যন্ত)<br><br>তবে শুধুমাত্র সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সিনিয়র ফটো আর্টিস্ট<br>বেতন গ্রেড-১১<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারু ও কারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে অন্যূন স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৩. | মেট<br>বেতন গ্রেড-১৩<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে মেরিন ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা। | |
| ৪. | সেকেন্ড ড্রাইভার<br>বেতন গ্রেড-১৪<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) | ক) ইনল্যান্ড মাস্টার বিষয়ে দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত (Certificate of Competency);<br>খ) সংশ্লিষ্ট কাজে ০১ (এক) বৎসরের চাকরি। | |
| ৫. | ড্রাইভার (মেরিন)<br>বেতন গ্রেড-১৪<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স। | |
| ৬. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন গ্রেড-১৪<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- | ০৮ (আট) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>গ) সাঁটলিপি গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ৭. | স্টোর কিপার<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮. | ট্রাক চালক<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ০২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং<br>গ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক প্রদত্ত গাড়ী চালনার ভারী বা হালকা বৈধ লাইসেন্স। | |
| ৯. | কার চালক<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ০২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক গাড়ী চালনার ভারী বা হালকা বৈধ লাইসেন্স। | |
| ১০. | মেকানিক<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল সংশ্লিষ্ট বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১১. | তথ্য সংগ্রহ সহকারী<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে জীব বিজ্ঞান বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত বোর্ড হতে মৎস্য বিষয়ে ডিপ্লোমা। | |
| ১২. | ডেকহ্যান্ড (উচ্চ স্কেল)<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৮<br>(আট) | ক) ইনল্যান্ড মাস্টার বিষয়ে দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত (Certificate of Competency);<br>খ) সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৩. | ফিসারম্যান (উচ্চ স্কেল)<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) | ক) ইনল্যান্ড মাস্টার বিষয়ে দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট অব কম্পিটেন্সি প্রাপ্ত (Certificate of Competency);<br>খ) সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৪. | হ্যাচারি টেকনিশিয়ান<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৭<br>(সাত) | কোনো স্বীকৃত বোর্ড হতে জীব বিজ্ঞান বিষয়সহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত বোর্ড হতে মৎস্য বিষয়ে ডিপ্লোমা। | |
| ১৫. | ইলেকট্রিশিয়ান<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৬. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ২৪১<br>(দুইশত একচল্লিশ) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ। | |
| ১৭. | গাড়িচালক<br>বেতন গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ৩৯<br>(উনচল্লিশ) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ০২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং<br>গ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক প্রদত্ত গাড়ী চালনার ভারী বা হালকা বৈধ লাইসেন্স। | |
| ১৮. | পাম্প অপারেটর<br>বেতন গ্রেড-১৮<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/- | ৩২<br>(বত্রিশ) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকরি। | গাইবান্ধা, ঝালকাঠি, শরীয়তপুর, গোপালগঞ্জ, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা। (ক্রমিক নং ১৮-ক্রমিক নং ৩২ পর্যন্ত)<br><br>তবে শুধুমাত্র সরকারি/ বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১৯. | ফটোকপি অপারেটর<br>বেতন গ্রেড-১৮<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/- | ০২<br>(দুই) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ২০. | অফিস সহায়ক<br>(বেতন গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ২৪৪<br>(দুইশত চুয়াল্লিশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২১. | নিরাপত্তা প্রহরী<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ৪১<br>(একচল্লিশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২২. | হ্যাচারি অ্যাটেনডেন্ট<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ২৮<br>(আটাশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ১০<br>(দশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৪. | ফিসারম্যান কাম-গার্ড<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ১৪<br>(চৌদ্দ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৫. | ওয়াচম্যান<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ২৬<br>(ছাব্বিশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৬. | ক্যাশ পিওন<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৭. | মিউজিয়াম অ্যাটেনডেন্ট<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৮. | বাবুর্চি<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৯. | পন্ড অ্যাটেনডেন্ট<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩০. | সুইপার- কাম- লস্কর<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩১. | পুকুর প্রহরী<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩২. | ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট<br>বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

২. **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) ৩০/০৮/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

(গ) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত আছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবুহু সেইভাবে লিখতে হবে।

(ঘ) কেবলমাত্র সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অনলাইনে আবেদন পত্র দাখিলের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে।

(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত আবেদনকারীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(চ) মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

(ছ) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল করা হবে।

(জ) সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সেকেন্ড ড্রাইভার, ড্রাইভার (মেরিন), ট্রাক চালক, কার চালক ও গাড়িচালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

(ঝ) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর ওয়েব সাইটে (www.fisheries.gov.bd) পাওয়া যাবে।

(ঞ) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ট) পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস বহন বা ব্যবহার করা যাবে না। উক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

৩. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, অসত্য বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয় পত্র/জন্মসনদ (ঘ) বীর মুক্তিযোদ্ধার/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা

হিসাবে চাকুরী প্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) (ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র। আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা এর স্বপক্ষীয় প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র (ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট প্রদত্ত সনদপত্র (জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ (ঝ) Online -এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) (ঞ) ক্রমিক ০৫ পদের প্রার্থীর ক্ষেত্রে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স, ক্রমিক নং ০৮, ০৯ ও ১৭ এ উল্লিখিত পদের প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স এবং ক্রমিক নং ০৪, ০৮, ০৯, ১০, ১২, ১৩, ১৫, ১৭, ১৮ ও ১৯ এ উল্লিখিত পদের প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণক (ট) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং পাম্প অপারেটর পদের জন্য টেকনিক্যাল যোগ্যতার সনদ পত্র (ঠ) <u>Departmental Candidate</u> এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তি ছাড়পত্র।

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (**http://dof.teletalk.com.bd**) ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**<u>Online-এ আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৯/২০২৩ খ্রি. সকাল-১০:০০ টা এবং জমাদানের শেষ তারিখ ও সময়: ১০/১০/২০২৩ খ্রি. বিকাল-০৪:০০ টা।</u>**

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় হতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট এবং স্বাক্ষরের ফাইল সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **<u>পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।</u>**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক ডকুমেন্ট হিসেবে আবশ্যিকভাবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থীগণ নিজ ছবি, স্বাক্ষর এবং User ID যুক্ত একটি Applicant's কপি প্রাপ্ত হবেন। এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS প্রেরণ করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০২ নং ক্রমিকের পদসমূহের জন্য ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৪/- টাকাসহ মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা, ০৩ হতে ১৭ নং ক্রমিকের পদসমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১৮ হতে ৩২ ক্রমিকের পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। **<u>এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ Submit কৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।</u>**

**SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

প্রথম SMS: DOF<space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: DOF ABCDEF

Reply: Applicant's Name, Tk. 334 /Tk. 223 /Tk.112 will be charged as application fee. Your PIN is XXXXXXX.

দ্বিতীয় SMS: DOF <space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করিতে হইবে। Example: DOF Yes XXXX.

Reply: Congratulations! Applicat's Name, payment completed successfully for DOF Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশ পত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়সহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি মৎস্য অধিপ্তরের ওয়েবসাইট: <u>www.fisheries.gov.bd</u>-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS -এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। তবে, SMS -এর মাধ্যমে তথ্য প্রদানে জটিলতা সৃষ্টি হলে মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য চূড়ান্ত মর্মে গণ্য হবে।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে। Admit Card (প্রবেশ পত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকিলে DOF <space> Help<space> User<space> User ID & Send to 16222. Example: DOF Help User ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে DOF<space>Help<space> PIN <space> PIN No & Send to 16222. Example: DOF Help PIN 12345678 & send to 16222

৫. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা এবং অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং যে-কোনো প্রকার সুপারিশ/তদ্বির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৭. Online এ আবেদন করতে কোন সমস্যা সৃষ্টি হলে বা সমস্যায় পড়লে যেকোন টেলিটক নম্বর থেকে 121 নম্বরে অথবা যেকোন অপারেটরের ফোন নম্বর থেকে 01500-121121 নম্বরে কল করতে পারবেন। এছাড়া, alljobs.query@teletalk.com.bd এবং বর্ণিত ০২ (দুই)টি ই-মেইলে যোগাযোগ করা যাবে। এক্ষেত্রে Email এর Subject-এ Organization Name 'DOF', Post Name: xxxxx, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৮. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মৎস্য অধিদপ্তর এর ওয়েবসাইট (www.fisheries.gov.bd) অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটক বাংলাদেশ লিমিটেড এর জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য www.fisheries.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৯. প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১. উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোনো বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

২৯/০৮/২০২৬

(ড. মোঃ আবদুর রউফ)
উপপরিচালক (প্রশাসন)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।